

নথি নম্বর : ৮০.০০.০০০০.০০০.৩০১.১১.০০০১.২৫- ৯৮৬

তারিখ : ২৮ বৈশাখ ১৪৩৩
১১ মে ২০২৬


লিখিত পরীক্ষার সময়সূচি ও গুরুত্বপূর্ণ নির্দেশাবলি

সাধারণ পুলের আওতায় নিয়োগযোগ্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর “উপসহকারী প্রকৌশলী (সিভিল)” (১০ম শ্রেণি) পদের প্রার্থীদের লিখিত পরীক্ষা পরিচালনার জন্য অনুরি নির্দেশাবলী:

১. প্রার্থীদের বাংলা-৪০, ইংরেজি-৪০, সাধারণ জ্ঞান-৪০ এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল-৮০ নম্বরসহ ৪টি বিষয়ের মোট ২০০ নম্বরের ৪:০০ ঘটটার একটি সমন্বিত প্রশ্নপত্র প্রদান করা হবে। নির্ধারিত ৪:০০ ঘটটা (দুপুর ১:০০টা হতে ৫:০০টা পর্যন্ত) সময়ের মধ্যে পরীক্ষার্থীদের ৪টি বিষয়ের ২০০ নম্বরের উত্তর প্রদান করতে হবে।
২. বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় থেকে সরবরাহকৃত প্রশ্নপত্রের সিলগালাকৃত ট্রাংক সংশ্লিষ্ট কেন্দ্রের নিয়ন্ত্রণকক্ষে দুপুর ১২:৩০ মিনিটের পূর্বে খোলা যাবে না।
৩. প্রশ্নপত্রের ট্রাংক খোলার পর প্রশ্নপত্রের সিল্ড প্যাকেট কোনভাবেই খোলা যাবে না। প্রশ্নপত্রের সিল্ড প্যাকেট পরীক্ষা কক্ষে ১২:৫৫ মিনিটে খুলতে হবে।
৪. প্রার্থীগণ আসন বিন্যাস অনুসারে নির্ধারিত কক্ষে আসন গ্রহণ করবেন।
৫. প্রার্থীদের আসন বিন্যাসের ক্ষেত্রে বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে যেন প্রতি দু’জন প্রার্থীর মাঝে যথেষ্ট পরিমাণ (কমপক্ষে ৩ ফুট) ফাঁকা জায়গা থাকে এবং পরীক্ষা চলাকালে প্রার্থীগণ একে অপরের সাথে কোনোরূপ যোগাযোগ করতে না পারে। পরীক্ষা কক্ষে অসদুপায় অবলম্বনের সর্বপ্রকার সুযোগ কঠোরভাবে রোধ করতে হবে।
৬. হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর, নাম, ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখতে হবে। এতে মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৭. পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ৩০ মিনিট আগে প্রার্থীদেরকে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার পর কোনো প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া যাবে না। পরীক্ষা শুরু হওয়ার ০২ (দুই) ঘটটার মধ্যে কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না।
৮. পরিদর্শক প্রবেশপত্র পরীক্ষা করে হাজিরা তালিকায় প্রার্থীদের স্বাক্ষর গ্রহণ করবেন। অনুপস্থিত প্রার্থীদের স্বাক্ষরের স্থানে ইংরেজিতে বড় অক্ষরে লাল কালিতে “A” লিখিতে হবে।
৯. প্রত্যেক পরীক্ষার্থীকে একই সঙ্গে বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ের উত্তরপ্রদানের জন্য লিখোকোডযুক্ত ০৪টি উত্তরপত্র প্রদান করতে হবে। প্রার্থী প্রতিটি বিষয়ের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করবেন। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করা যাবে না; একই উত্তরপত্রে একাধিক বিষয়ে উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
১০. পরীক্ষা শেষে পদভিত্তিক বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ের উত্তরপত্র সর্বোচ্চ ১০০টি এবং লিখোকোডের উপরের অংশ ছিড়ে ২০০টি করে পৃথক পৃথক প্যাকেট করতে হবে। এ ক্ষেত্রে বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান ও প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ের উত্তরপত্র ও লিখোকোড পৃথক পৃথক বাউন্ডেল করতে হবে।
১১. প্রশ্নপত্রে ৪টি বিষয়ের জন্য আলাদা আলাদা বিষয় কোড থাকবে। বিষয় কোড সংশ্লিষ্ট উত্তরপত্রের লিখোকোড ফরমের নির্দিষ্ট স্থানে লিখে নিচের সংশ্লিষ্ট বৃত্ত ভরাট করার জন্য প্রার্থীদেরকে কক্ষ পরিদর্শক নির্দেশনা দিবেন।
১২. ভূঁয়া প্রার্থীদের বিরুদ্ধে বিশেষ তদাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করতে হবে। পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, মানিব্যাগ হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, ব্যাংক কার্ড, ক্রেডিট কার্ড বা এমআরটি পাস কার্ড, ক্রেডিট কার্ড সদৃশ বস্তু, অলংকারাদি বা কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস এবং যে কোন ধরনের চাবি আনা নিষিদ্ধ। পরীক্ষার সময় পরীক্ষার্থীগণ কানের উপর কোনো আবরণ রাখতে পারবেন না, কান খোলা রাখতে হবে। কোন পরীক্ষার্থীর কাছে নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করতে হবে। উক্ত প্রার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

অ:প:দ্র:

১৩. সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। তবে, সাইন্টিফিক ক্যালকুলেটর, প্রোগ্রামার ক্যালকুলেটর বা এ জাতীয় কোনো যন্ত্র ব্যবহার করা যাবে না।
১৪. পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ বিষয়ভিত্তিক উত্তরপত্র গণনা করে বুকে নেয়ার পর পরীক্ষার্থীগণ কক্ষ ত্যাগ করবেন। পরীক্ষার্থীগণ প্রশ্নপত্র নিয়ে যাবেন।
১৫. উত্তরপত্রের লিখোকোডের উপরের ১ম অংশ ব্যতীত মূল এবং অতিরিক্ত উত্তরপত্রের কোনো অংশে প্রার্থীগণ নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় লিখতে পারবেন না। এ বিষয়ে প্রতি কক্ষের পরিদর্শকগণ পরীক্ষার্থীদের নির্দেশ প্রদান করবেন।


২১.০৫.২০২৬
মো: শাহআলম মিঞা
পরিচালক
নন-ক্যাডার (পরীক্ষা) শাখা

ঘণ্টা বাজানোর সময়সূচী :

- দুপুর ১২:০০ মিনিট: পরীক্ষার্থীদের হলে প্রবেশের লম্বা ঘণ্টা;
দুপুর ১২:৩০ মিনিট: উত্তরপত্র বিতরণসহ প্রাথমিক কাজ শুরুর ঘণ্টা;
দুপুর ১:০০ মিনিট: প্রশ্নপত্র প্রদান ও পরীক্ষা শুরুর ঘণ্টা;
বেলা ৪:৪৫ মিনিট: পরীক্ষা শেষ হওয়ার সতর্কতামূলক ঘণ্টা এবং
বিকাল ৫:০০ মিনিট: পরীক্ষা সমাপ্তির ঘণ্টা।